উপজেলা পরিষদ,ফরিদপুর সদর, ফরিদপুর।

বার্ষিক পরিকল্পনা (২০২২-২০২৩)

মোঃ আব্দুর রাজ্জাক মোল্লা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর

মুখবন্ধ

জাতির পিতার স্মৃতি বিজরিত দক্ষিণ বঙ্গের প্রবেশ দ্বার জেলা সদর হিসেবে ফরিদপুর সদর উপজেলা সঙ্গত কারনেই উন্নয়ন থেকে বঞ্চিত হয়। ঢাকা-খুলনা বরিশাল রেল সড়ক,পদ্মার তীরে সি এন্ড বি ঘাট- এর মত সম্ভাবনা ময় নদী বন্দর প্রাকৃতিক ভাবে ঘূর্নিঝড় জলস্থাস,ভূমি কম্পের বলয় থেকে বহুলায়শে নিরাপদ। ফরিদপুর সদর উপজেলায় জাতীয় কোন বৃহৎ প্রকল্প,কলকাল খানা গড়ে তোলা হয়নি। নজর দেওয়া হয়নি অবকাঠামো ও সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নের দিকে,কৃষি নির্ভর অর্থনীতির উন্নয়নে কোন কার্যকরী রাষ্ট্রীয় কর্মসূচী গ্রহন করা হয়নি। যে কারনে দেশের অন্যান্ন উপজেলার সাথে এই উপজেলা বাসীর অর্থনৈতিক নৈতিবাচক পার্থক্য লক্ষ্য করা যায়। জাতির জনকের সুযোগ্য কন্যা দেশ রত্ন গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা-র ভিশন ২০২১ এবং ভিশন-২০৪১ এর বাস্তবায়ন ও ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে ফরিদপুর সদর উপজেলা পরিষদ সহযোদ্ধার ভূমিকায় থাকবে। আমি এ প্রচেষ্ঠার সাফল্য কামনা করে সদর উপজেলা বাসীকে আন্তরিক অভিনন্দন জানাই।

ফরিদপুর জেলা সদর হিসেবে ফরিদপুর সদর উপজেলা দক্ষিণ বঙ্গের অত্যান্ত গুরুত্বপূর্ন জনপদের নাম। বাংলাদেশের পুরাতন ইতহাস সমৃদ্ধ জেলা সমূহের মধ্যে ফরিদপুর জেলা অন্যতম/সামাজিক/রাজনৈতিক ও ভৌগলিক মানদন্ডে ফরিদপুর জেলার অবস্থান যথেষ্ট গুরুত্বপূর্ন হলেও উন্নয়নের মানদন্ডে বিশেষ করে ৭৫ পরবর্তি রাজনৈতিক পটপরিবর্তনের সাথে দীর্ঘ প্রায় দুই যুগ এই জেলার সাথে বিমাতা সূলভ আচরন করে শাসক চক্র এই জনপদের অর্থনৈতিক উন্নয়নের চাকাকে পরিকল্পিত ভাবে থামিয়ে রাখে।

ফরিদপুর জেলার ৯ টি উপজেলার মধ্যে ফরিদপুর সদর উপজেলা ১২টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে গঠিত হলেও ঐতিহাসিকভাবে রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও ভৌগলিক অবস্থার প্রেক্ষাপট বিবেচনায় একটি গুরুত্বপূর্ণ জনপদ। পল্লী কবি জসিম উদ্দীনের স্মৃতি বিজরিত সমাধি এ ফরিদপুরে অবস্থিত। ছোট-বড় বহু নদী, খাল-বিল, পুকুর, ধান-পাট, পেঁয়াজ-রসুন, ফল-ফলাদি, সবজী ও মৎস্য উৎপাদনে সমৃদ্ধ ধনী-গরীব সকল শ্রেণীর মেহনতী মানুষের চাহিদা ও অভাব-অভিযোগগুলো মাথায় রেখে শিক্ষা, কৃষি ও দারিদ্র্য বিমোচনকে অগ্রাধিকার দিয়ে স্থানীয় সরকার বিভাগের এর সহায়তায় ও এর নীতিমালা অনুসরণ করে ফরিদপুর সদর উপজেলা পরিষদ কর্তৃক ২০১৯-২০২০ খ্রি. হতে ২০২৩-২০২৪ খ্রি. অর্থ বছরের এসডিজি বান্ধব পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই আকারে প্রণয়ন করা হয়েছে।

সরকার উপজেলা পরিষদকে একটি শক্তিশালী গণতান্ত্রিক স্থানীয় সরকার প্রতিষ্ঠানে রূপায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের জন্য নানামুখী প্রকল্প ও পরিকল্পনা গ্রহণ করেছে। সঠিক কর্মপরিকল্পনা, সুচিন্তিত কর্মপদ্ধতি গ্রহণ এবং সৎ, সুশিক্ষিত জ্ঞানী ও অভিজ্ঞ জনপ্রতিনিধি ও সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমেই তা বাস্তবায়ন সম্ভব। এ বিষয়টি মাথায় রেখে ফরিদপুর সদর উপজেলা পরিষদের এসডিজি বান্ধব বার্ষিক উন্নয়ন পরিকল্পনা সুষ্ঠু ও সুচারুরূপে প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয় যাতে উপজেলা পরিষদে সুশাসন প্রতিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়ন সম্ভব হয়। এ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ফরিদপুর সদর উপজেলা পরিষদকে আরও অধিক কার্যকর গণতান্ত্রিক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে এবং এলাকার আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আমার বিশ্বাস।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, জয় হোক সংগ্রামী জনতার।

বাংলাদেশ চিরজীবি হোক।

(মোঃ আব্দুর রাজ্জাক মোল্লা)

লিটন ঢালী
উপজেলা নির্বাহী কর্মকর্তা
ফরিদপুর সদর, ফরিদপুর

সম্পাদকীয়

স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ ও ক্ষমতা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (০১ ডিসেম্বর ২০১১ তারিখে সংশোধিত) কার্যকর হয়েছে। এই আইনের আওতায় উপজেলা পরিষদের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য ৯ টি বিধিমালা ও উপজেলা পরিষদ ম্যানুয়াল, ২০১৩ প্রণয়ণ করা হয়েছে। এসব আইন, বিধিমালা প্রণয়নের ফলে এবং তার যথাযথ অনুসরণ কার্যকর হলে স্থানীয় পর্যায়ে সুশাসন ও জনকল্যাণ নিশ্চিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৯ অনুচ্ছেদে বলা হয়েছে যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জনসেবা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ৪২ এ বলা হয়েছে যে উপজেলা পরিষদসমূহ উপজেলার আর্থ- সামাজিক উন্নয়নের জন্য পঞ্চবার্ষিক পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন পরিকল্পনাসহ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে। আইনের ২য় তফসিলে (উপজেলা পরিষদের কার্যাবলী) এর ১নং ক্রমিকে এই বিষয়টির উল্লেখ রয়েছে। বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আইনগত বাধ্যবাধকতা রয়েছে। সেই লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে উপজেলা পরিষদকে গতিশীল করতে স্থানীয় পর্যায়ে বার্ষিক ও পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর প্রেক্ষিতে ফরিদপুর সদর উপজেলা পরিষদের পক্ষ থেকে বার্ষিক পরিকল্পনা (২০২২-২৩) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ফরিদপুর সদর উপজেলার বার্ষিক পরিকল্পনা (২০২২-২৩) প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের সক্ষমতা, সরকারি-বেসরকারি খাতের অর্থপ্রবাহ, স্থানীয় চাহিদাকে বিবেচনায় নিয়ে অগ্রাধিকার দেয়া হয়েছে। জনগণের সার্বিক উন্নয়নের জন্য অংশীদারিত্বমূলক পদ্ধতিতে তৃণমূল পর্যায়ে জনগণের মতামত নিয়ে চাহিদা নির্ণয়পূর্বক পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ নিশ্চিতকল্পে ফরিদপুর সদর উপজেলায় পরিকল্পনা প্রণয়নে নির্বাচিত সকলের অংশগ্রহণের মাধ্যমে প্রণীত পরিকল্পনার সুষম বাস্তবায়ন সম্ভব হবে বলে আশা করি। জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাদের যে উদ্যোগ লক্ষ্য করছি তাতে আমি আশা করতে পারি অচিরেই ফরিদপুর সদর উপজেলা একটি আদর্শ উপজেলায় পরিণত হবে।

পরিকল্পনা প্রণয়নে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আরোহণ বিষয়ক স্থায়ী কমিটি, পরিকল্পনা বিষয়ক কারিগরী দল (টিজিপি), প্রকল্প নির্বাচন কমিটিসহ স্থানীয় জন প্রতিনিধিগণ ও পরিষদে ন্যস্ত সকল কর্মকর্তা ও উপজেলা পরিষদের ও প্রশাসনের সকল কর্মচারী যারা শ্রম দিয়েছেন তাদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

(লিটন ঢালী)

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
	প্রথম অধ্যায়: ভূমিকা ও উপজেলা পরিচিতি	
১.০	ভূমিকা ও প্রেক্ষাপট	
১.১	উপজেলা পরিচিতি	
১.২	পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ	
১.৩	উপজেলা তথ্য ও পরিকল্পনা বই প্রণয়নের ধাপ সমূহ	
১.৪	বার্ষিক পরিকল্পনা বই প্রণয়েনর সীমাবদ্ধতা সমূহ	
	দ্বিতীয় অধ্যায়: তথ্য সম্ভার	
২.০	ভমিকা	
২.১	উপজেলার সাধারণ তথ্য ঃ (এক নজরে সদর উপজেলা)	
২.২	উপজেলা খাতভিত্তিক তথ্য সম্ভার	
২.৩	হস্তান্তরিত বিভাগ সমূহের সাধারণ তথ্য	
২.৪	প্রকৌশল বিভাগ (এলজিইডি)	
২.৫	স্বাস্থ্য বিভাগ	
২.৬	পরিবার পরিকল্পনা	
২.৭	মৎস্য বিভাগ	
২.৮	উপজেলা সমাজকল্যাণ বিভাগ	
২.৯	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	
২.১০	উপজেলা মাধ্যমিক শিক্ষা	
২.১১	উপজেলা প্রাথমিক শিক্ষা	
২.১২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস	
২.১৩	উপজেলা কৃষি অফিস	
২.১৪	উপজেলা বন অফিস	
২.১৫	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	
২.১৬	উপজেলা মহিলা বিষয়ক	
২.১৭	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	
২.১৮	উপজেলা সমবায় অফিস	
২.১৯	উপজেলা প্রাণিসম্পদ অফিস	
২.২০	অহস্তান্তরিত বিভাগ সমূহের সাধারণ তথ্য	
২.২১	উপজেলা ভূমি অফিস	
২.২২	উপজেলা নির্বাচন অফিস	
২.২৩	উপজেলা হিসাব রক্ষণ অফিস	
	তৃতীয় অধ্যায়: ২০২২-২৩ অর্থ বছরের বিভাগ ভিত্তিক উন্নয়ন দৃষ্টিভঙ্গি ও পরিকল্পনা	
৩.১	রূপকল্প (ঠরংরড়হ)	
৩.২	উপজেলার পাঁচটি প্রধান সমস্যা বা সেক্টর চিহ্নিত করে প্রতি বছরের অগ্রাধিকার তালিকা নিম্নরূপ	
৩.৩	ষ্ট্যাটেজিক ডেভেলভমেন্ট গোল (ঝউএ) এর লক্ষ্য অর্জনে খাত ভিত্তিক উন্নয়নের আলোকে আগামী পাঁচ বছরে মধুখালী উপজেলাকে যেভাবে দেখতে চাই	
	চতুর্থ অধ্যায়: উন্নয়ন প্রস্তাব	
৪.১	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের উন্নয়ন পরিকল্পনা ফরিদপুর সদর উপজেলা পরিষদের উন্নয়ন পরিকল্পনা ২০২২-২০২৩	
৪.২	মৎস্য বিষয়ক	

৪.৩	প্রাণি সম্পদ	
৪.৪	জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ	
৪.৫	যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন	
৪.৬	মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা	
৪.৭	সমাজকল্যাণ বিষয়ক	
৪.৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক	
৪.৯	পল্লী উন্নয়ন	
	৫ম অধ্যায়: ২০২২-২৩ অর্থ বছরের বাজেট	
৫.১	বাজেট প্রণয়ন পদ্ধতি	
৫.২	বাজেট সূচী	
	৬ষ্ঠ অধ্যায়: মনিটরিং ও মূল্যায়ন পদ্ধতি	
৬.১	প্রকল্প মূল্যায়ন পদ্ধতি	
৬.২	সুশাসন	
	৭ম অধ্যায়: অডিট রিপোর্ট ও উপজেলা পরিচিতি	
৭.১	গত অর্থ বছরের অডিট রিপোর্ট	

89°42'
89°46'
89°50'
89°54' E
23° 42' N
23° 40'
23° 38'
23° 36'
23° 34'
23° 32'
23° 30'
GOALANDAGHAT
HARIRAMPUR
Uttar Channel
Padma R
Char Madhabdia
Old Kumar R
Ishan Gopalpur
Bansantapur RS
Amirabad RS
Ambikapur
Decreerchar
RAJBARI SADAR
Majchar
FARIDPUR SADAR
Bhubaneshwar R
CHAR BHADRASAN
Paurashava
Shitalakshya R
Aliabad
Krishnanagar
Kumar R
Old Kumar R
Greda
Kaijuri
Kanaipur
MADHUKHALI
Bakhunda RS
Chapa Beel
Hari Beel
BOALMARI
NAGARKANDA
FARIDPUR SADAR UPAZILA
1 0 1 2 3 km
89°42'
89°46'
89°50'
89°54'

এক নজরে ফরিদপুর সদর

১৩০০ শতাব্দির প্রথম দিকে বিখ্যাত সূফি সাধক হযরত শেখ শাহ ফরিদ এখানে অবস্থান করেন। তাঁর নামানুসারে ১৮৯৪ সালের ১০ই সেপ্টেম্বর ফরিদপুর কোতয়ালী থানা প্রতিষ্ঠিত হয়। অতপর ১৯৮৪ সালের ১লা ডিসেম্বর তারিখে প্রশাসনিক বিকেন্দ্রীকরনের জন্য ফরিদপুর সদর উপজেলা নামে নামকরন করা হয়।
এ উপজেলার অভ্যন্তরে কুমার নদী, ভূবেনশ্বর নদী ও পদ্মা নদী প্রবাহিত রয়েছে। পঞ্চদশ শতাব্দীর প্রারম্ভিক পর্যায়ে ফরিদপুর শহরের উৎপত্তি হয় বলে ঐতিহাসিকগণ মনে করেন। মোঘল শাসনের সূত্রপাত ঘটে ১৬৬৬ খ্রি:। চকবাজার তখন শহরের ব্যবসা বাণিজ্যের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা পায়। এই চকবাজার শব্দটিও মোঘল সূত্রে প্রাপ্ত। ধর্মীয় উদ্দেশ্যে গোয়ালচামট, খাবাসপুর, অম্বিকাপুর হিন্দু আশ্রম, মঠ, মন্দির গড়ে উঠে। নিলটুলী সড়ক তৎকালীন উন্নয়নের নির্দেশক। ১৭৬০ খ্রি: ফরিদপুর ব্রিটিশ শাসকের ছোঁয়া লাগে। ১৮০০ শতাব্দীর শেষের দিকে এবং উনবিংশ শতকের গোড়ার দিকে শহরে গড়ে উঠতে থাকে ইট-পাথরের ভবনাদি, পাশ্চাত্য নক্সার বাংলোসমূহ।

১৮৮৯ হতে ১৯৪৭ পর্যন্ত ৭৮ বছর ব্রিটিশ সময়কাল, ১৯৪৮ হতে ১৯৭১ পর্যন্ত ২৩ বছর পাকিস্তান সময়কাল, ১৯৭১হতে ২০১৯ পর্যন্ত ৪৮ বছর বাংলাদেশ সময়কাল হিসেবে ভাগ করলে দেখা যায়, ফরিদপুর শহরের নগর উন্নয়ন হয়েছে কখনও শম্বুক গতিতে, কখনও কিছুটা ত্বরিত গতিতে, আবার কখনও নানা কারণে এর উন্নয়ন ব্যাহত হয়েছে। আশির দশকে ফরিদপুর শহরের কালেবর ধীরে ধীরে ১৩০০ শতাব্দির প্রথম দিকে বিখ্যাত সূফি সাধক হযরত শেখ শাহ ফরিদ এখানে অবস্থান করেন। তাঁর নামানুসারে ১৮৯৪ সালের ১০ই সেপ্টেম্বর ফরিদপুর কোতয়ালী থানা প্রতিষ্ঠিত হয়। অতপর ১৯৮৪ সালের ১লা ডিসেম্বর তারিখে প্রশাসনিক বিকেন্দ্রীকরনের জন্য ফরিদপুর সদর উপজেলা নামে নামকরন করা হয়। (ফরিদপুর জেলা) আয়তন: ৪০৭.০২ বর্গ কিমি। অবস্থান: ২৩±২৯µ থেকে ২৩±৩৪µ উত্তর অক্ষাংশ এবং ৮৯±৪৩µ থেকে ৮৯±৫৬µ পূর্ব দ্রাঘিমাংশ। সীমানা: উত্তরে গোয়ালন্দ ও হরিরামপুর উপজেলা, দক্ষিণে নগরকান্দা উপজেলা, পূর্বে চরভদ্রাসন ও হরিরামপুর উপজেলা, পশ্চিমে বোয়ালমারী, মধুখালী ও রাজবাড়ী সদর উপজেলা। উপজেলা শহর কুমার নদীর তীরে অবস্থিত।

জনসংখ্যা ৪১৩৪৮৫; পুরুষ ২১৩৭৬৫, মহিলা ১৯৯৭২০। মুসলিম ৩৬৭৮২৯, হিন্দু ৪৪৬১৫, বৌদ্ধ ৯৬৭, খ্রিস্টান ৩১ এবং অন্যান্য ৪৩।

জলাশয় I প্রধান নদী: পদ্মা, কুমার, পুরাতন কুমার, ভুবনেশ্বর; চাপা বিল, হারি বিল, ঢোল সমুদ্র, বিলমামুনপুরের কোল, শকুনের বিল এবং টেপা খোলার হ্রদ (কৃত্রিম) উল্লেখযোগ্য।
প্রশাসন ফরিদপুর সদর থানা গঠিত হয় ১৮৯৬ সালে এবং থানাকে উপজেলায় রূপান্তর করা হয় ১৯৮৩ সালে।

কর্মকর্তাদের নামের তালিকা

ক্র:নং	অফিসের নাম	অফিসারের নাম ও পদবী	যোগদানের তারিখ	মোবাইল নম্বর	ই-মেইল নম্বর
১	উপজেলা প্রকৌশল কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোহাম্মদ আজহারুল ইসলাম উপজেলা প্রকৌশলী	01/08/2018	01716-004782	ue.faridpur.s@lged.gov.bd
২	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোঃ শাহজাহান মোল্যা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	13/01/2011	01717-735103	
৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	নুরুন্নাহার বেগম উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	14/11/2018	01731-190203	naharpio@gmail.com
৪	সহকারী প্রকৌশল কর্মকর্তার কার্যালয়, জনস্বাস্থ্য, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোঃ লুৎফর রহমান উপ- সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য	31/08/2015	01712-093975	lrphe 2011@gmail.com
৫	উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোঃ মাহাবুর রহমান উপজেলা সমাজসেবা অফিসার	16/07/2019	01739-743406	mahabubur rahman02@gmail.com
৬	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ফরিদপুর সদর, ফরিদপুর।	মাহবুবা আক্তার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	01/08/2013	01712-042092	useofsadar 2013@gmail.com
৭	উপজেলা পরিবার পরিকল্পনা কাযালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোহাম্মদ কামরুল হাসান উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	27/08/2007	01712-700066	khfsadar@gmail.com
৮	আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোঃ নজরুল ইসলাম উপজেলা সমন্বয়কারী ও শাখা ব্যবস্থাপক	02/08/2017	01938-879388	ucofaridpursadar@ebek-rdcd.gov.bd
৯	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফরিদপুর সদর, ফরিদপুর।	গুরুপদ দাস সিনিয়র দারিদ্র্য বিমোচন কর্মকর্তা	05/04/2018	01776-583333	pdbfars@gmail.com
১০	উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	বিরাজ মোহন কুন্ডু উপজেলা সমবায় অফিসার	05/04/2017	01718-520548	ucofaridpursadar@gmail.com
১১	উপজেলা কৃষি অফিস, ফরিদপুর সদর, ফরিদপুর।	মোঃ আবুল বাসার মিয়া উপজেলা কৃষি অফিসার	02/02/2016	01712-192029	faridpur 2010@gmail.com
১২	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	সজল শাঁখারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)	25/02/2020	01718-540889	urdofaridpursadar@brdb.gov.bd
১৩	উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।	নার্গিস জাফরী উপজেলা শিক্ষা অফিসার	31/07/2020	01716-069222	ucosadarfaridpur@gmail.com
১৪	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয়, ফরিদপুর সদর, ফরিদপুর।				
১৫	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়।	মোঃ আনোয়ার হোসেন উপ- সহঃ প্রকৌশলী		01711-321995	eng-panju@yahoo.com
১৬	মুঃ নুর আলম মিয়া	মুঃ নুর আলম মিয়া, ইন্সট্রাক্টর, ইউআরসি	30/10/2018	01711-300628	urcsadarfaridpur@gmail.com
১৭	উপজেলা নির্বাহী অফিসারের কাযালয় ফরিদপুর সদর, ফরিদপুর	মো: মোসলেম উদ্দিন প্রশাসনিক কর্মকর্তা	12/03/2018	01724189242	moslemuddin.ao@gmail.com

ইউনিয়নসমূহ

ফরিদপুর সদর উপজেলার ইউনিয়নসমূহ :

০১ নং	ঈশানগোপালপুর
০২ নং	চরমাধবদিয়া
০৩ নং	নর্থচ্যানেল
০৪ নং	আলিয়াবাদ
০৫ নং	ডিক্রীরচর
০৬ নং	মাচ্চর
০৭ নং	অম্বিকাপুর
০৮ নং	কৃষ্ণনগর
০৯ নং	কানাইপুর
১০ নং	কৈজুরী
১১ নং	গেরদা

জনসংখ্যাঃ

মোট জনসংখ্যা	:	৫,১১,২২৮ জন (২০১১ সনের গণনা অনুযায়ী) পুরুষ : ২,৫৫,৩৭৮ জন মহিলা : ২,৫৫,৮৫০ জন
পরিবারের সংখ্যা (পৌর এলাকাসহ)	:	৮০,১৬৯ টি
পরিবারের সংখ্যা (পৌর এলাকা ব্যতিত)	:	৩৬,৮৮৮ টি
জনসংখ্যা বৃদ্ধির হার	:	২.২০%

নির্বাচন সংক্রান্ত তথ্যাদিঃ

সংসদীয় এলাকার নাম	:	২১৩ ফরিদপুর-৩
মোট ভোটার সংখ্যা (২০১৮ সনের গননা অনুযায়ী)	:	৩৩৬২৭৫ জন পুরুষ : ১৬৯২১৮ জন মহিলা : ১৬৭০৫৭ জন

কাঠামোগত বৈশিষ্ট্যঃ

পৌরসভা	:	০১ টি
ইউনিয়ন পরিষদ	:	১২ টি
মৌজার সংখ্যা	:	১৬৪ টি
গ্রামের সংখ্যা	:	৩৬৩ টি
হাট-বাজার	:	৫০ টি (পৌর এলাকায় ১ টি)

শিল্প প্রতিষ্ঠান	:	১৫৫৫ টি
ফায়ার স্টেশন	:	০১ টি
হ্যালি প্যাড	:	০২ টি
বন্যা আশ্রয়কেন্দ্র	:	০৯ টি
খাদ্য গুদাম	:	০১ টি (ধারণ ক্ষমতা-৫,০০০ মে.টন)
মসজিদ	:	১২৩০ টি
মন্দির	:	১৫টি
গীর্জা	:	০৭টি

<u>যোগাযোগ ব্যবস্থাঃ</u>

টেলিফোন এক্সচেঞ্জ	:	০২ টি
রেল স্টেশন	:	০১ টি
পোস্ট অফিস	:	৩০ টি
সাব-পোস্ট অফিস	:	১০ টি
পাকা রাস্তা	:	১৫০ কি.মি.
আধা-পাকা রাস্তা	:	৬০ কি.মি.
কাচা রাস্তা	:	৩৬০ কি.মি.
ব্রীজ-কালভার্ট	:	৬১৪ টি

<u>শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্যাদিঃ</u>

শিক্ষার হার	:	৪৩.০১ %
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	:	০টি
সরকারি কলেজ	:	০৪ টি (স্নাতকোত্তর ০২ টি এবং স্নাতক ০২ টি)
বেসরকারি এমপিওভূক্ত (ডিগ্রী) কলেজ	:	০৪ টি
এমপিও বিহীন কলেজ	:	০৪ টি
মহিলা কলেজ	:	০১ টি
স্কুল এন্ড কলেজ	:	০২ টি
সরকারি মাধ্যমিক বিদ্যালয়	:	০২ টি
এমপিওভূক্ত মাধ্যমিক বিদ্যালয়	:	৫৭ টি
এমপিও বিহীন নিম্নমাধ্যমিক বিদ্যালয়	:	০২ টি
কামিল মাদ্রাসা	:	০৩ টি
ফাজিল ও আলিম মাদ্রাসা	:	০২ টি
দাখিল মাদ্রাসা	:	১৩ টি
স্বতন্ত্র ও এবতেদায়ী মাদ্রাসা	:	০৬ টি
শেখ রাসেল ডিজিটাল ল্যাব	:	০৯ টি
বিসিসি কর্তৃক কম্পিউটার ল্যাব স্থাপন	:	০৯ টি
সরকারী শিশু পরিবার	:	০২ টি
এতিমখানা	:	০২ টি
সরকারি প্রাথমিক বিদ্যালয়	:	১৫৩ টি
পি টি আই	:	০১ টি
পলিটেকনিক ইনস্টিটিউট	:	০১ টি (সরকারি)
কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি)	:	০১ টি
টেক্সটাইল ইনস্টিটিউট	:	০৩ টি
স্বতন্ত্র ভোকেশনাল ইনস্টিটিউট	:	০৩ টি
সংযুক্ত ভোকেশনাল ইনস্টিটিউট	:	০৩ টি
মসজিদ ভিত্তিক গণশিক্ষা কার্যক্রম কেন্দ্র	:	১৫৭ টি, শিক্ষক: ১৫৭ জন

<u>স্বাস্থ্য সম্পর্কীয় তথ্যাদিঃ</u>

সরকারি হাসপাতাল ও মেডিকেল কলেজ	:	০৩ টি
ইউনিয়ন উপ স্বাস্থ্যকেন্দ্র	:	১৩ টি
ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	:	১০ টি
মা ও শিশু কল্যাণ কেন্দ্র	:	০১ টি
বেসরকারি হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার	:	১০৫ টি
সক্ষম দম্পতির সংখ্যা	:	৯৬২৬৬ জন
পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা	:	৭৪৪৮৫ জন
পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার	:	৮০.৮৯%
স্যানিটারি ল্যাট্রিনের সংখ্যা (পৌর এলাকা ব্যতিত)	:	৬০,০০০ টি
স্যানিটেশনের অগ্রগতির হার (পৌর এলাকা ব্যতিত)	:	৯০%
সরকারি নলকুপের সংখ্যা (পৌর এলাকাসহ)	:	৬০০০ টি
চালু নলকুপের সংখ্যা	:	৪৫০০ টি
অকেজো নলকুপের সংখ্যা	:	১৫০০ টি

কৃষি ও মৎস্য সংক্রান্ত তথ্যাদিঃ

মোট জমির পরিমান	:	৮৪,৩৫৯.০২ একর কৃষি জমি-১,৫৯৪.৩১ একর অকৃষি জমি-২২,৭৬৪.৭১ একর
উপজেলার প্রধান কৃষি ফসল	:	ধান, পাট, সরিষা, মাসকালাই, গম, আলু, আখ।
সারের ডিলারের সংখ্যা	:	২০ জন
গুটি ইউরিয়া সার প্রস্তুতকারী ডিলার সংখ্যা	:	১২ জন
সার বিতরণ কেন্দ্র	:	২৫ টি
বিদ্যুৎচালিত গভীর নলকুপ	:	১২ টি
বিদ্যুৎও ডিজেল চালিত অগভীর নলকুপ	:	১০৫০ টি
পাওয়ার পাম্প	:	০২ টি
সেচের আওতায় ভূমির পরিমান	:	২১,৬২২ হেক্টর
মোট পুকুরের সংখ্যা	:	৪০৪০ টি
সরকারী মৎস্য খামার/হ্যাচারী	:	০১ টি
ব্যক্তি মালিকানাধীন মৎস্য খামার	:	২৫ টি
ব্যক্তি মালিকানাধীন মৎস্য হ্যাচারী	:	৩১ টি

পশু সম্পদ সংক্রান্ত তথ্যাদিঃ

বেসরকারী পর্যায়ে গাভীর খামার	:	৮৯ টি (গাভীর সংখ্যা-২৯৫৯৩ টি)
ব্রয়লার খামার	:	১৪৬ টি (মুরগীর সংখ্যা-১,১৬,৮২৩ টি)
লেয়ার খামার	:	১৭ টি (মুরগীর সংখ্যা-২৯,১২৩ টি)
ছাগলের খামার	:	৮০ টি (ছাগলের সংখ্যা-৩০,১৫২ টি)
ভেড়ার খামার	:	৫৫ টি (ভেড়ার সংখ্যা-১০,১২৩ টি)

সমবায় সমিতি সংক্রান্তঃ

কেন্দ্রীয় সমবায় সমিতি	:	সাধারণ-০5 টি ও বিআরডিবিভূক্ত-০১ টি
প্রাথমিক সমিতির সংখ্যা	:	সাধারণ-504 টি ও বিআরডিবিভূক্ত-92টি

সমাজ সেবা সংক্রান্ত তথ্যাদিঃ

এনজিও সংখ্যা	:	১৩২ টি
বেসরকারী এতিমখানা	:	০৮ টি
বয়স্ক ভাতা গ্রহণকারীর সংখ্যা	:	১২২৪২ জন
মুক্তিযোদ্ধা ভাতা গ্রহণকারীর সংখ্যা	:	৪০৯ জন
প্রতিবন্ধী ভাতা গ্রহণকারীর সংখ্যা	:	৪৯৫৩ জন
বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা গ্রহণকারীর সংখ্যা	:	২৭৪৬ জন
দলিত, হরিজন ও বেদে সম্প্রদায় ভাতা গ্রহণকারীর সংখ্যা	:	১৮৪ জন

প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি : ২৩ জন

মহিলা বিষয়ক তথ্যাদিঃ

ভিজিডি : ২৩৫২ জন
দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা : ১৭৩৮ জন
কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা : ১৬০০ জন
ডব্লিউটিসি (জীবিকায়ন) : ৪০০ জন

যুব উন্নয়ন অধিদপ্তরঃ

যুব ঋণ বিতরণ : ৬৫ জন। ৩৩,৯০,০০০/- টাকা (২০১৯-২০ অর্থ বছর)

একটি বাড়ি একটি খামার প্রকল্পঃ

সমিতির সংখ্যা : ২২৮ টি
সমিতির সদস্য সংখ্যা : ৯,২৪০জন। পুরুষ: ১,২৬৯ জন, মহিলা: ৩,২৫০ জন।
সর্বমোট সঞ্চয় আদায় : ২,০১,০০,০০০/-
ঘূর্ণায়মান ঋণ তহবিল : ৭,২৭,৬৬,০০০/-
উৎসাহ বোনাস : ১,৮৭,৬২,০০০/-
সর্বমোট সরকারি অনুদান : ৯,১৫,২৮,০০০/-
সমিতির মোট তহবিলের পরিমান : ১১,১৬,২৮,০০০/-
পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার সঞ্চয় আদায় : ৪,১৮,০০০/-

পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমঃ

সমিতির সংখ্যা : ৯৬ টি।
সমিতির সদস্য সংখ্যা : ৪,৭৬৫ জন।
সর্বমোট সঞ্চয় আদায় : ৪,১৯,৩৪,০০০/-
ঘূর্ণায়মান ঋণ তহবিল : ২,৯৩,৮৩,০০০/-
উৎসাহ বোনাস : ২,৩৬,৪১,০০০/-
সর্বমোট সরকারি অনুদান : ৫,৩০,২৪,০০০/-
সমিতির মোট তহবিলেরপরিমান : ৯,৪৯,৫৮,০০০/-
পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার সঞ্চয় আদায় : ৪,১৮,০০০/-

সেবাসমুহঃ

ঘূর্ণায়মান ঋণ গ্রহণের সদস্য সংখ্যা : ১৩,১০২ জন
বিতরণকৃত ঋণের টাকার পরিমান : ২৮,৮৭,৫৪,০০০/-
ঋণ আদায় : ২০,৪২,০৭,০০০/-
সার্ভিস চার্জ আদায় : ১,৯২,৬৭,০০০/-
মোবাইল ব্যাংকিং কার্যক্রম : ৩২৪ টি সমিতিতে চলমান

অন্যান্য তথ্যাদিঃ

আশ্রয়ণ প্রকল্প : ০৩ টি (বোকাইল আশ্রয়ন প্রকল্প, তুলাগ্রামআশ্রয়ন প্রকল্প-১, তুলাগ্রামআশ্রয়ন প্রকল্প-২, ৩৭ টি ব্যারাক। ২৭০ টি পরিবার পুনর্বাসিত করা হয়েছে
গুচ্ছগ্রাম : ২০টি, ৮৫৩টি পরিবার পুনর্বাসিত করা হয়েছে।
জমি আছে ঘর নেই প্রকল্প ৪৪৬ টি ঘর নির্মাণ করা হয়েছে

উপজেলা

পৌরসভা	ইউনিয়ন	মৌজা	গ্রাম	জনসংখ্যা		ঘনত্ব (প্রতি বর্গ কিমি)	শিক্ষার হার (%)	
				শহর	গ্রাম		শহর	গ্রাম
১	১১	১৫৭	৩৩২	১০১০৮৪	৩১২৪০১	১০১৬	৭৩.৩	৪১.৬

পৌরসভা

আয়তন (বর্গ কিমি)	ওয়ার্ড	মহল্লা	লোকসংখ্যা	ঘনত্ব (প্রতি বর্গ কিমি)	শিক্ষার হার(%)
২২.৬৫	৯	৩৫	৯৯৯৪৫	৪৪১৩	৭৩.৬

উপজেলা শহর

আয়তন (বর্গ কিমি)	মৌজা	লোকসংখ্যা	ঘনত্ব (প্রতি বর্গ কিমি)	শিক্ষার হার (%)
০.৮০	২	১১৩৯	১৪২৪	৪৯.২

ইউনিয়ন

ইউনিয়নের নাম ও জিও কোড	আয়তন (একর)	লোকসংখ্যা		শিক্ষার হার (%)
		পুরুষ	মহিলা	
অম্বিকাপুর ১৫	৫৮৪৫	১১৫২৩	১০৯৮৪	৪৩.৬৮
আলীয়াবাদ ১৩	৭৪১৭	১৬০৮২	১৫০৯৫	৪৯.২১
ঈশান গোপালপুর ৪৭	৮৭৭১	১৩৮৭৩	১৩৩৬১	৩৭.৫৬
নর্থ্ চ্যানেল ৮৭	৯৮৮১	৯০৮৩	৮৪১৭	২৩.২২
কানাইপুর ৬৩	৯৩৪০	২০৪৭৫	১৮৩৬২	৪৯.৯৩
কৃষ্ণনগর ৭১	১৩৭৪৪	১৭২৩৯	১৬৩৮১	৩৭.৯৮
কৈজুরি ৫৫	১০৩৬৩	২০০৫৭	১৯০৮৫	৪৪.৪৬
গেরদা ৩৯	৫৭৩৭	১২৫১৬	১১৭৯৭	৪৪.৩৭
চর মাধবদিয়া ২৩	৬৬২২	১৩৮২৩	১২৮৪৭	৩০.৯৩
ডিক্রিরচর ৩১	৮৪০১	১৩২৩৯	১২৩৪০	৩৬.৯১
মাচ্চর ৭৯	১০২২৩	১৩৮৬১	১৩১০০	৪৬.৮৪

প্রখ্যাত ব্যক্তিত্ব

নবাব আব্দুল লতিফ

১৮২৬ সালে ফরিদপুর সদর উপজেলার রাজাপুর গ্রামে নবাব আব্দুল লতিফ জন্ম গ্রহণ করেন। আব্দুল লতিফ প্রথম পল্লী পাঠশালায় পাঠ আরম্ভ করেন। অত:পর কলকাতা মাদ্রাসায় ভর্তি হন। ভূদেব মুখোপাধ্যায় ও মাইকেল মধুসুদন দত্তের সঙ্গে তাঁর প্রগাঢ় বন্ধুত্ব ছিল। মাদ্রাসা থেকে সিনিয়র বৃত্তিসহ পরীক্ষায় উত্তীর্ণ হন। ইংরেজী ও পারস্য ভাষায় তাঁর যথেষ্ট দক্ষতা ছিল। ১৮৪৬ খ্রীষ্টাব্দে নবাব আব্দুল লতিফ বাঙগলার শিক্ষা বিভাগে কর্মজীবন শুরু করেন। আব্দুল লতিফের যোগ্যতায় মুগ্ধ হয়ে তদানীন্তন স্যার ফ্রেডারিক হ্যালিভে তাকে ডেপুটি ম্যাজিস্ট্রেটের পদে নিযুক্ত করেন ১৮৪৯ সালে। অত:পর সরকার তাকে শিয়ালদহের ফৌজদারী আদালতের বিচারভার প্রদান করেন। কয়েক বছর কলকাতায় ম্যাজিস্ট্রেটের পদেও তিনি কাজ করেন। বহু জটিল মোকদ্দমার বিচারকালে তিনি অসাধারণ প্রতিভার পরিচয় দেন। ১৮৬১ খ্রীষ্টাব্দে তিনি বঙ্গীয় ব্যবস্থাপক পরিষদের সর্বপ্রথম মুসলমান সদস্য নিযুক্ত হন। উক্ত পরিষদ সদস্য হিসেবে একাদিক্রমে দশ বছর যোগ্যতার সাথে কাজ করেন। ১৮৬১ খ্রিষ্টাব্দে আয়কর কমিশনে তিনি একজন সদস্য নির্বাচিত হন। ১৮৬৫ সাল পর্যন্ত উক্ত পদে নিযুক্ত ছিলেন। ১৮৬৯ সালে খ্রিষ্টাব্দে সরকার বাহাদুর হুগলী ও কলকাতা মাদ্রাসা কলেজ পরিদর্শনের ভার তাঁর উপর অর্পন করেন। ১৮৬৬ খ্রিষ্টাব্দে “মহামেডান লিটারারি সোসাইটি” প্রতিষ্ঠা করেন এবং তখন থেকে এ প্রতিষ্ঠানের সম্পাদকের দায়িত্ব পালন করেন। ভারতীয় মুসলমান সমাজে এই ধরণের সংগঠন এই প্রথম স্থাপিত হয়। ১৮৬৭ খ্রিষ্টাব্দে বড়লাট লরেন্স মুসলমান সম্প্রদায়ের মধ্যে শিক্ষা বিস্তারের আগ্রহ দেখে আবদুল লতিফকে স্বর্ণপদক এবং এক প্রস্থ এনসাইক্লোপিডিয়া বৃটিনিকা নামক বিরাট অভিধান উপহার দেন। ১৮৮০ খ্রিষ্টাব্দে তিনি নবাব উপাধি লাভ করেন। ১৮৮৭ সালে নবাব বাহাদুর উপাধি লাভ করেন সরকারের কাজ থেকে। নবাব আব্দুল লতিফ ছিলেন মিষ্টভাষী, নিরহঙ্কার ওবন্ধুবৎল। বাংলার মুসলিম জাতিকে শিক্ষা, দীক্ষা, জ্ঞান, গরিমা ও সাহিত্যে সচেতন করে গড়ে তোলাই ছিল তাঁর মহান উদ্দেশ্য ও লক্ষ্য। তিনি উপলব্দি করেছিলেন শিক্ষাকে অবহেলা করে ভারতবর্ষের মুসলিম জাতির প্রগতি সম্ভব নয়। তিনি ইংরেজীতে জীবন কথা নামে একটি গ্রন্থ রচনা করেন। ১৮৯৩ সালের ১০ জুলাই নবাব আব্দুল লতিফ মৃত্যুবরণ করেন।

পল্লী কবি জসীম উদদীন

১৯০৩ সালে ফরিদপুর সদর উপজেলার তাম্বুলখানা গ্রামে নানা বাড়িতে জন্মগ্রহণ করেন। পল্লীর মাটি ও মানুষের কবি জসীম উদদীনের পিতামহ ছিলেন জমির উদ্দিন মোল্লা, পিতা-আনসার উদ্দিন মোল্লা, মাতা-আমিনা খাতুন। তিনি ফরিদপুর শহর থেকে ১২ মাইল দূরে তাম্বুলখানা গ্রামে নানা বাড়ী জন্মগ্রহণ করেন। প্রথমে কবি গোবিন্দপুর গ্রামের পাশে শোভারামপুর গ্রামে চৌধুরী বাড়ীতে অম্বিকা মাষ্টারের পাঠশালায় পড়ালেখা শুরু করেন। পরে ফরিদপুর হিতৈষী স্কুলে ভর্তি হন। এই স্কুলে কবির পিতা মরহুম মৌলবী আনসার উদ্দিন আহমেদ শিক্ষকতা করতেন। চতুর্থ শ্রেনী পাশ করে কবি ফরিদপুর জিলা স্কুলে ভর্তি হন। কবি যখন নবম শ্রেণীর ছাত্র তখন অসহযোগ আন্দোলনের ধুম। স্কুল কলেজ ছেড়ে ছাত্ররা স্বাধীনতা আন্দোলনে নেমে পড়েছে। কবিও স্কুল ত্যাগ করে অনেক কষ্ট করে কলকাতায় গেলেন। কলকাতার কিশোর কবি নজরুল ইসলামের সাথে দেখা করেন। নজরুল ইসলামকে একটি কবিতার খাতাও দেখতে দেন। নজরুল আগ্রহ সহকারে খাতাটি নেন।

নজরুলের যে কবিতাগুলো ভাল লেগেছিল সেগুলো দাগ দিয়ে দেন এবং এগুলোর নকল পাঠিয়ে দিতে বলেন। নজরুলের চেষ্টায় কবির কয়েকটি কবিতা কলকাতার মাসিক পত্রিকায় ছাপা হয়। দেশে ফিরে কবি আবার স্কুলে যেতে লাগলেন। নজরুলের কাছে তিনি কবিতা পাঠিয়ে সুদীর্ঘ পত্র লিখতেন। নজরুলের কাছ থেকে জবাবও পেতেন। কিছুদিন পরে মোসলেম ভারত পত্রিকার যে সংখ্যায় নজরুলের বিখ্যাত কবিতা বিদ্রোহী প্রকাশিত হয়েছিল সেই সংখ্যায় মিলন গান নামক জসিম উদদীনেরও একটি কবিতা ছাপা হয়েছিল। চট্টগ্রাম থেকে প্রকাশিত সাধনা পত্রিকায়ও দুতিনটি কবিতা ছাপা হয়। এর সবকয়টাই নজরুলের চেষ্টায় প্রকাশ পেয়েছিল। কবি ১৯২১ সালে ফরিদপুর জিলা স্কুল থেকে ম্যাট্রিকুলেশন পাশ করেন। এরপর তিনি ফরিদপুর রাজেন্দ্র কলেজে ভর্তি হন। কবির বিখ্যাত কবর কবিতাটি এসময়েই রচিত হয়েছে। এসময় কবি গ্রামের সাধারণ মানুষের সঙ্গে অন্তরঙ্গভাবে মিশে গেলেন। গ্রামের লোকদের সুখ দু:খের চিত্র তিনি তার কবিতায় ফুটিয়ে তুললেন। এরপর কলকাতায় ডা: শহীদুল্লাহর সঙ্গে কবির আলাপ হল। এরকিছুদিন পর কল্লোল পত্রিকায় তার ঐতিহাসিক কবর কবিতাটি ছাপা হলো। তারপর থেকে দেশের বড় বড় মাসিক পত্রিকা হতে তার লেখা চাওয়া হয়েছিল। তিনি ফরিদপুর রাজেন্দ্র কলেজ থেকে ১৯২৪ সালে আই.এ এবং ১৯২৯ সালে বি.এ পাশ করেন। ১৯৩১ সালে বাংলা ভাষা ও সাহিত্যে এম এ পাশ করেন। এরপর কলকাতা বিশ্ববিদ্যালয়ের রামতনু লাহিড়ী কলেজে সহকারী গবেষক পদে যোগদান করেন ১৯৩৩ সালে। এরপর ১৯৩৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা ও সাহিত্যে অধ্যাপনা শুরু করেন । এরপর তিনি ১৯৩৯ সালে মমতাজ বেগমকে বিয়ে করেন। তার ৪ ছেলে এবং ২ মেয়ে। কামাল আনোয়ার, ড. জামাল আনোয়ার, ফিরোজ আনোয়ার, খুরশীদ আনোয়ার, হাসনা মওদুদ ও আসমা তৌফিক। ছয় বছর অধ্যাপনা করার পর ১৯৪৪ সালে তৎকালীন ভারত সরকারের অধীন সরকারি চাকুরিতে যোগদান করেন। ১৯৬২ সালে সরকারি চাকুরী থেকে অবসর গ্রহণ করেন। ১৯৬৮ সালে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সম্মনিত ডি.লিট উপাধি এবং ১৯৭৬ সালে একুশে পদক লাভ করেন। রাখালী কবির প্রথম কাব্য গ্রন্থ। জসীম উদদীন কবিতা, গান, ভ্রমন কাহিনী, স্মৃতি কথা, হাসির গল্প, গীতিনাট্য, রুপক নাট্য ইত্যাদি রচনা করেছেন। কবির অনেকগুলি বই ইংরেজী, ফারসী, চেক, আরবী, রুশ প্রভৃতি ভাষায় অনুদিত হয়ে বাংলা সাহিত্যকে বিশ্ববাসীর সম্মুখে তুলে ধরেছে। তাঁর উল্লেখযোগ্য রচনাবলীর মধ্যে রয়েছে রাখালী, নকসী কাঁথার মাঠ, বালুচর, ধানক্ষেত, সোজন বাদিয়ার ঘাট, রঙিলা নায়ের মাঝি, এক পয়সার বাঁশী, চলো মুসাফির, হলদে পরীর দেশে, মাটির কান্না, বেদের মেয়ে, মধুমালা, ডালিমকুমার, পল্লী বধু, গাঙের পাড়, জীবন কথা, জারী গান, যে দেশে মানুষ বড়, বোবা কাহিনী ইত্যাদি । শহরের যান্ত্রিক জীবনের কোলাহল ছেড়ে যখনই তিমি অম্বিকাপুর নিজ গ্রামে আসতেন তখনই আবার আনন্দে মেতে উঠতেন। পল্লীকবি অম্বিকাপুরে আসলে এ গাঁ ও গাঁও গিয়ে পরিচিত সবার খোঁজ খবর রাখতেন। কবির আগমনে সমস্ত গ্রামে সাড়া পড়ে যেত। বিভিন্ন অভিযোগ এবং সমস্যা নিয়ে তারা আসতেন কবির কাছে। ১৯৭০ সালে কবি তার নিজ এলাকা অম্বিকাপুরে তাঁর পিতার নামে আনসার উদ্দীন উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। স্কুলটি প্রতিষ্ঠা করার পর তার জীবনের সর্বস্ব দিয়ে স্কুলটিকে দাঁড় করানোর চেষ্টা করেছেন।পল্লি কবি জসিম উদ্দিন ১৯৭৬ সালে ঢাকায় মৃত্যু বরণ করেন।

<u>হাজী শরীয়তুল্লাহ</u>

হাজী শরীয়তুল্লাহ ছিলেন বিখ্যাত ইসলামী চিন্তাবিদ ও সংস্কারক। তিনি বৃহত্তর ফরিদপুর জেলার তৎকালীন মাদারীপুর মহকুমার শ্যামাইল গ্রামে ১৭৮১ সালে জন্ম গ্রহণ করেন। তিনি বঙ্গদেশে ফরায়েজী আন্দোলন এর প্রবর্তক ছিলেন । তিনি ওহাবী মতে দীক্ষিত হয়ে ফরায়েজী জামাত সৃষ্টি করে আন্দোলন শুরু করেন যা ফরায়েজী আন্দোলন নামে পরিচিতি লাভ করে । হাজী শরীয়ত উল্লাহর পুত্র মহসীন উদ্দিন আহমেদ ইতিহাসে পীর দুদু মিয়া নামেই সমধিক প্রসিদ্ধ । হাজী শরীয়ত উল্লাহ ১৮৪০ সালে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুর পর তাঁর পুত্র পীর দুদু মিয়া ফরায়েজী আন্দোলন এর নেতৃত্ব গ্রহণ করেন ।

<u>আম্বিকাচরণ মজুমদার</u>

আম্বিকাচরণ মজুমদার ১৮৫১ সালে ৬ জানুয়ারী বৃহত্তর ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন । তিনি ১৮৫৭ সালে জেনালের এসেম্বলিজ ইন্সিষ্টিটিউট থেকে ইংরেজী সাহিত্যে এম.এ. পাশ করেন । পরে বি এল পাশ করে ফরিদপুর বারে আইন ব্যবসায় যোগদান করেন। কংগ্রেসের রাজনীতিতে তিনি ছিলেন গুরুত্বপূর্ণ ব্যক্তি। আম্বিকাচরণ মজুমদারের সভাপতিত্বে ফরিদপুরে ১৯০৫ সালের জানুয়ালী মাসে বঙ্গভঙ্গের বিরুদ্ধে প্রথম সভা অনুষ্ঠিত হয়। আম্বিকাচরণ মজুমদারের নেতৃত্বে ফরিদপুরের উকিল ও মোক্তারগণ স্বদেশী আন্দোলনে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন। জেলার রাজনৈতিক ও সামাজিক কর্মকান্ডে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন । আম্বিকাচরণ মজুমদারই হচ্ছেন রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের প্রতিষ্ঠাতা এবং তিনি কংগ্রেসের ৩১ তম সভাপতি ছিলেন । ১৯২২ সালের ২৯ ডিসেম্বর কংগ্রেসের এই প্রখ্যাত নেতা মৃত্যুবরণ করেন।

সনেট কবি সূফী মোতাহার হোসেন

সনেট কবি সূফী মোতাহার হোসেন ১৯০৭ সালের ১১ সেপ্টেম্বর ফরিদপুর জেলার ভবানন্দপুর গ্রামে জন্মগ্রহণ করেন। পিতার নাম মোহাম্মদ হাশিম। মায়ের নাম তৈয়বতননেছা খাতুন। মোতাহার হোসেনের আরও একভাই এবং ছোট একটি বোন ছিল। বোনের নাম ছিল সুফিয়া আখতার বানু। একমাত্র ছোট বোনটি মাত্র ১০ বছর বয়সে মারা যায়। বিংশ শতাব্দীর প্রথমার্ধে বাংলা সাহিত্য জগতে কবি সূফী মোতাহার হোসেন এক জ্যোতিষ্কের মতো আবির্ভূত হন। রবীন্দ্র-নজরুল যুগের হলেও তাঁদের প্রভাব বলয় থেকে বেরিয়ে তিনি নিজস্ব রচনাশৈলী ও স্বাতন্ত্র্যবোধ তৈরি করেছিলেন। পিতাঃ মোহাম্মদ হাশিম বেঙ্গল পুলিশের সাব-ইন্সপেক্টর ছিলেন। পিতার কর্মস্থলের সুবাধে বিভিন্ন জেলার স্কুলে পড়াশুনা করেছেন। সে সূত্রে কুমিল্লা জিলা স্কুলে তিনি নবম শ্রেণী পর্যন্ত পড়ালেখা করেন। এরপর ফরিদপুর জিলা স্কুলে ভর্তি হন এবং ১৯২০ সালে ফরিদপুর জিলা স্কুল থেকে প্রথম বিভাগে এন্ট্রান্স পাস করে জগন্নাথ কলেজে ভর্তি হন। সেখান থেকে এফ এ পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৩১ সালে বিএ পাস করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন কালে ছান্দসিক কবি আব্দুল কাদির, সাহিত্যিক আবুল ফজল প্রমুখ কবির সহপাঠি ছিলেন। এই সময়ে কবি কিছু ছোট গল্প ঢাকার বাংলার বানী, কলকাতার আত্মশক্তি, মোয়াজ্জিন, সওগাত প্রভৃতি পত্রিকায় ছাপা হয়। এই সময়ে তিনি পূর্ব বঙ্গীয় মুসলিম সাহিত্য সমাজের পুরোধা কাজী আব্দুল ওদুদ, কাজী আবুল হোসেন, ড. কাজী মোতাহার হোসেন প্রমুখ সাহিত্যিকদের সংস্পর্শে আসেন। ১৯২৭ খ্রীষ্টাব্দে ঢাকার পূর্ববঙ্গীয় সাহিত্য সমাজের বার্ষিক সম্মেলনে কাজী নজরুলের সঙ্গে মিলিত হওয়ার সুযোগ পান। ইতিমধ্যেই তিনি কিছু কবিতা লেখা শুরু করেন। পরের বছর কাজী নজরুল ইসলাম ফরিদপুর এলে তাকে একটি কবিতা দেখান। নজরুল ইসলাম এই কবিতার একটি শব্দ পরিবর্তন করে দেন এবং পত্রিকায় পাঠিয়ে দিতে বলেন। কবিতাটি ঢাকার শান্তি পত্রিকায় প্রকাশিত হয়। এটাই কবির প্রথম প্রকাশিত কবিতা । এরপর অধ্যাপক শ্রীপরিমল ঘোষ সম্পাদিত দিপীকা পত্রিকায় কবির কয়েকটি কবিতা প্রকাশিত হয়। দিপীকা যুগেই সনেটের সূচনা। এ সময়ে তিনি সমালোচক কবি মোহিতলাল মজুমদারকে দুটি সনেট দেখান। এতে মোহিতলাল মজুমদার খুবই মুগ্ধ হন। কাজী নজরুল ইসলাম ও মোহিতলাল মজুমদারের সঙ্গে পরিচয় ও ঘনিষ্ঠতার ফলে তিনি কাব্য চর্চায় প্রেরণা লাভ করেন। মূলত সনেট রচনার মাধ্যমেই তাঁর কবি-প্রতিভার বিকাশ ঘটে। এরপর কবির সনেট কবিতা কলকাতার উপাসনা, মাসিক মোহাম্মাদী, সওগাত-বিচিত্রা, পরিচয়, কাশ্মীর, উত্তরা প্রভৃতি পত্রিকায় প্রকাশিত হতে থাকে। ১৯৪০ সালে বিচিত্রা পত্রিকায় প্রকাশিত সনেট দিনান্তে বিশ্বভারতী থেকে প্রকাশিত রবীন্দ্রনাথ ঠাকুরের বাংলা কাব্য পরিচয়ে সংকলিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালীন ১৯২৮ সালে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। স্ত্রীর নাম সৈয়দা আছিয়া খানম। সংসার জীবনে প্রবেশ করার কয়েক

মাস পরেই তার পিতা পরলোকগমন করেন। সূফী মোতাহার হোসেনের চার সন্তান। তারা হলেন গুলফাম শাহানা, সূফী আবদুল্লাহ আল মামুন, সূফী ওবায়দুল্লাহ আল মোস্তানছির এবং নীলুফার বানু। স্নাতক ডিগ্রি লাভ করার পর ফরিদপুর জজকোর্টে চাকুরী জীবন শুরু করেন। দুই বছর চাকুরী করার পর নিউরেস্থিনিয়া ও ডিসপেপশিয়া রোগে আক্রান্ত হয়ে দীর্ঘ ১২ বছর শয্যাশায়ী ছিলেন। রোগমুক্তির পর প্রথমে স্থানীয় ময়েজউদ্দিন হাই স্কুলে ও পরে ঈশান স্কুলে শিক্ষকতায় যুক্ত হন। ১৯৬০ সাল থেকে আর্থিক সমস্যার কারণে কবিকে পাঁচ মাইল দূরবর্তী গ্রামের বাড়ী থেকে স্কুলে শিক্ষকতা করতে হয়। ফলে অত্যাধিক পরিশ্রম ও মানসিক উদ্বিগ্নতার জন্য কবির লেখা বন্ধ থাকে। সনেটকার সূফী মোতাহার হোসেনের প্রতি অবহেলা প্রদর্শন আমাদের মানসিক দৈন্যেরই পরিচয়। অনেক সময়ে কবিকে বলতে শোনা যেত ‘যদি শহরে একটা ঘরের ব্যবস্থা করিতে পারিতাম তবে আবারলিখিতে পারতাম। প্রভাতে বাতি ধরাইয়া বাসি ভাত খাইয়া স্কুলের দিকে ছুট দেই, যখন ফিরি তখন সন্ধ্যা পার হইয়া হইয়াছে। তারপর বাজারের ব্যাগ তো আছেই-কবিতা থাকে কোথায় ।’ অথচ কারো বিরুদ্ধে নালিশ নেই, অভিযোগ নেই । আপন ভোলা সরল প্রকৃতির অনাড়ম্বর মানুষটি আর্থিক সমস্যার কারণে সময় মত প্রকাশ পায়নি । অবশেষে ফরিদপুর রাজেন্দ্র কলেজ সূফী মোতাহার হোসেন সনেট প্রকাশনা সংসদ কর্তৃক সাদামাটা ভাবে কবির প্রচুর সনেটের মাত্র একশতটি সনেট চয়ণ করে ’সনেট সংকলন’ প্রথম প্রকাশ করা হয়। এটিই ১৯৬৫ সালে প্রকাশিত শ্রেষ্ট কবিতা সংকলন হিসেব স্বীকৃতি পায় এবং কবিকে এই সংকলনের জন্য আদমজী পুরস্কার দেওয়া হয় । রবীন্দ্রনাথ তাঁর সম্পাদিত 'বাংলা কাব্য পরিচয়' বইয়ে মোতাহার হোসেনের 'দিগন্ত' সনেটটি অন্তর্ভুক্ত করেন। তাঁর প্রথম কাব্য-সনেট সংকলন (১৯৬৫), পরে সনেট সঞ্চয়ন (১৯৬৬) ও সনেটমালা (১৯৭০) প্রকাশিত হয়। প্রেম ও প্রকৃতি তাঁর সনেটের মূল প্রতিপাদ্য বিষয়। তিনি ১৯৬৫ সালে 'আদমজী পুরস্কার', ১৯৭০ সালে 'প্রেসিডেন্ট পুরস্কার' এবং ১৯৭৪ সালে 'বাংলা একাডেমি পুরস্কার' লাভ করেন।

উপমহাদেশের প্রখ্যাত চলচ্চিত্রকর মৃনাল সেন

ভারতীয় বাংলা চলচিত্রের জীবন্ত কিংবদন্তী মৃনাল সেন ১৯২৩ সালে ফরিদপুর শহরের ঝিলটুলিতে জন্মগ্রহণ করেন। তিনি জীবন ধর্মী পরিচালক হিসাবে খ্যাত। একজন বাস্তববাদী লেখকের ন্যায় জীবনের ডকুমেন্টারি তার ছবির প্রতিপাদ্য বিষয়। মূলত তিনি একজন মার্কসবাদী ব্যাক্তিত্ব। ছাত্র অবস্থায় তিনি কমিউনিস্ট পার্টিতে যোগদেন। তিনি কলকাতায় স্কটিশ চার্চ কলেজ এবং পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিষয়ে পড়াশুনা করেন। বিশ্ববিদ্যালয় থেকে পাশ করার পর তিনি একজন সাংবাদিক হিসাবে তার কর্মজীবন শুরু করেন। এরপর তিনি একটি ঔষুধ কোম্পানীতে মাকেটিংএর কাজ করেন। এ সময় তিনি চলচিত্রের প্রতি আগ্রহী হয়ে উঠেন এবং প্রখমে তিনি চলচিত্রের একজন সাউন্ডম্যান এর কাজ শুরু করেন। তারপর আস্তে আস্তে তিনি চলচিত্র পরিচালনা শুরু করেন। ১৯৫৫ সালে তিনি ‘রাতভোর’ নামে একটি চলিচিত্র নির্মান করেন। ছবিটা দর্শক মহলে তেমন একটা প্রশংসা পায়নি। এরপর তিনি নির্মাণ করলেন তার দ্বিতীয় ছবি নীল আকাশের নীচে। এছবিটা স্থানীয়ভাবে বেশ সমাদৃত হয়। এরপর আস্তে আস্তে নির্মান করলেন ভুবন সোম, ক্যালকাটা, পদাতিক যা তাকে একজন আন্তর্জাতিক পরিচালকের খ্যাতি এনে দিয়েছিলো। তিনি আন্তর্জাতিক চলচিত্র পুরস্কার পেয়েছিলেন বেশ কয়েকবার। বাংলা ছাড়াও তিনি হিন্দি ও তেলেগু ভাষায় চলচিত্র নির্মান করেন। ১৯৮১ সালে তার অবদানের স্বীকৃতি স্বরুপ ভারত সরকার তাকে পদ্মভুষন পুরস্কারে ভূষিত করে। ২০১৮ সালের ডিসেম্বের তিনি ভারতে মৃত্যুবরণ করেন।

প্রখ্যাত অভিনেতা পিযুষ বন্দোপাধ্যায়

পীযুষ বন্দ্যোপাধ্যায় একজন জনপ্রিয় বাংলাদেশী অভিনেতা। পাশাপাশি তিনি একজন নাট্যকার, আবৃত্তিকার ও সংগঠক। ১৯৮০-র দশকের শুরুতে সকাল সন্ধ্যা নামক টিভি সিরিয়ালে ‘শাহেদ’ চরিত্রে অভিনয় করে তিনি বিপুল জনপ্রিয়তা পান। তিনি বিটিভির মহাপরিচালক ও বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থার ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

তার চলচ্চিত্রে অভিনয়ের শুরু মোরশেদুল ইসলাম পরিচালিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র আগামী দিয়ে। এরপর তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক একাত্তরের যীশু চলচ্চিত্রে পাদ্রীর ভূমিকায় অভিনয় করেন। এছাড়া ২০১১ সালের আরও দুটি বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র আমার বন্ধু রাশেদ ও গেরিলায় অভিনয় করেন। মুহম্মদ জাফর ইকবাল রচিত একই নামের উপন্যাস অবলম্বনে আমার বন্ধু রাশেদ নির্মাণ করেছেন মোরশেদুল ইসলাম এবং গেরিলা নির্মাণ করেছেন নাসির উদ্দীন ইউসুফ। পীযুষ বন্দ্যোপাধ্যায় অভিনীত অন্যান্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে- আগামী, সে, মহামিলন, উত্তরের খেপ, কিত্তনখোলা, মেঘলা আকাশ, আধিয়ার, আমার আছে জল, মৃত্তিকা মায়া, আমি শুধু চেয়েছি তোমায় ও বুনো হাঁস।

২০১২ সালের ফেব্রুয়ারি মাসে তিনি বিটিভির মহাপরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগপত্র পান। ২০১২ সালের ১৯ এপ্রিল তিনি বিএফডিসির ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেন। ব্যবস্থাপনা পরিচালক থাকাকালীন তিনি বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড তুলে দিয়ে গ্রেডিং সিস্টেম চালুর পরিকল্পনা করেন।

পাটের জীবন রহস্য উন্মোচনকারী বিজ্ঞানী প্রফেসর মাকসুদুল আলম

১৯৫৪ সালের ১৪ ডিসেম্বর ফরিদপুরে জন্ম নেয়া মাকসুদুল আলমের বাবা দলিলউদ্দিন আহমেদ ছিলেন পূর্ব পাকিস্তান রাইফেলসের (বর্তমান বিজিবি) একজন কর্মকর্তা। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে শহীদ হন তিনি। স্বামীকে হারিয়ে চার ছেলে ও চার মেয়েকে নিয়ে কঠিন সংগ্রামে পড়তে হয় মাকসুদুলের মা লিরিয়ান আহমেদকে। তবে তার চেষ্টায় ছেলেমেয়েরা যার যার ক্ষেত্রে প্রতিষ্ঠিত হন। দেশ স্বাধীন হওয়ার পর ঢাকা কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাস করে মাকসুদুল রাশিয়ায় চলে যান। ১৯৭৯ সালে মস্কো স্টেট ইউনিভার্সিটি থেকে তিনি অণুপ্রাণবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি পান। ১৯৮২ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে অণুপ্রাণবিজ্ঞানে পিএইচডি করেন মাকসুদুল। এর পাঁচ বছর পর জার্মানির ম্যাক্স প্লাঙ্ক ইনস্টিটিউট অব বায়োকেমিস্ট্রি থেকে প্রাণরসায়নেও তিনি পিএইচডি করেন। বাংলাদেশের কৃষি মন্ত্রণালয়ের আর্থিক সহায়তায় ২০১০ সালে তরুণ একদল বিজ্ঞানীকে নিয়ে তোষা পাটের জিন-নকশা উন্মোচন করে আলোচনায় আসেন মাকসুদুল আলম। ওই বছরের ১৬ জুন জাতীয় সংসদে দেশবাসীকে সেই সুখবর জানান প্রধানমন্ত্রী। আন্তর্জাতিক গণমাধ্যমেও খবরটি গুরুত্ব পায়। প্রধানমন্ত্রী ২০১২ সালের ২৯ সেপ্টেম্বর জানান, মাকসুদুল ম্যাক্রোফমিনা ফাসিওলিনা নামের এক ছত্রাকের জিন-নকশা উন্মোচন করেছেন, যা পাটসহ প্রায় ৫০০ উদ্ভিদের স্বাভাবিক বিকাশে বাধা দেয়।

গত বছরের ১৮ আগস্ট মাকসুদুলকে পাশে নিয়েই বাংলাদেশের বিজ্ঞানীদের আরেকটি বড় সাফল্যের খবর জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এবার আসে দেশি পাটের জিনোম সিকোয়েন্স উন্মোচনের খবর। জিনোম হলো প্রাণী বা উদ্ভিদের জেনেটিক বৈশিষ্ট্যের বিন্যাস বা নকশা। এই নকশার ওপরই নির্ভর করবে ওই প্রাণী বা উদ্ভিদের বৈশিষ্ট্য। গবেষণাগারে এই জিনবিন্যাস অদলবদল করে উন্নত জাতের পাট উদ্ভাবন সম্ভব। বিজ্ঞানীরা মনে করেন, পাটের জিন-নকশা উন্মোচনের ফলে বাংলাদেশের আবহাওয়া ও প্রয়োজন অনুযায়ী এর নতুন জাত উদ্ভাবনের পাশাপাশি পাটের গুণগত মান ও উৎপাদন বিপুল পরিমাণে বাড়ানো সম্ভব। আর নতুন জাত উদ্ভাবন করা হলে পাট পচাতে কম পানি লাগবে, আঁশ দিয়ে জৈব-জ্বালানি ও ওষুধ তৈরি করা সম্ভব হবে। এর আগে ২০০৮ সালে হাওয়াই বিশ্ববিদ্যালয়ের হয়ে পেঁপে এবং মালয়েশিয়া সরকারের হয়ে রাবার গাছের জীবনরহস্য উন্মোচনেও নেতৃত্ব দেন বাংলাদেশের এই গবেষক। পেঁপে নিয়ে তার কাজের বিষয়ে বিজ্ঞান সাময়িকী নেচারে প্রচ্ছদ প্রতিবেদন হয়। ওই প্রতিবেদনে মাকসুদুলকে পরিচয় করিয়ে দেওয়া হয় ‘বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ উদ্ভাবক’ হিসেবে। ২০১৯ সালের ২১ ডিসেম্বর ভোরে যুক্তরাষ্ট্রের হাওয়াইয়ের কুইন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেছেন।

ডাঃ মোঃ জাহেদ
ব্যক্তিজীবনঃ
ডাঃ মোহাম্মদ জাহেদের জন্ম ১ লা মার্চ ১৯২৮ সালে ফরিদপুর শহরতলীর ঢোল সমুদ্র পাড়ে আলিয়াবাদ ইউনিয়নের বিলমামুদপুর গ্রামে। পিতা মোহাম্মদ ইছহাক ডাক বিভাগের পোষ্ট মাষ্টার ছিলেন। মাতা হুরমতুন নেসা গৃহিনী ছিলেন। আবদুস সালাম ও বদরউদ্দিন নামে আরও দুই ভাই এবং সুফিয়া বেগম নামে তাঁর এক বোন রয়েছে । তিনি ১৯৫২ সালের ২৫ এপ্রিল বিয়ে করেন। স্ত্রীর নাম ফাতেমা বেগম। সালাহউদ্দিন ফরিদ, মোহাম্মদ ফুয়াদ, নাসিরউদ্দিন মাহমুদ ও সাইফুদ্দিন মনা নামে ৪ জন পুত্র সন্তান এবং নাদিরা, মুনিরা ও হুমায়রা নামে ৩ জন কন্যা সন্তান রয়েছে।

শিক্ষা জীবনঃ
নিজগ্রাম আলিয়াবাদে প্রাথমিক শিক্ষা শেষ করে ডাঃ মোহাম্মদ জাহেদ ১৯৪৪ সালে ফরিদপুর হাইস্কুল থেকে ম্যাট্রিকুলেশন পাশ করেন। তিনি ১৯৪৭ সালে রাজেন্দ্র কলেজ থেকে আইএসসি পাশ করেন। এরপর তিনি ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হন ১৯৪৮ সালে । ঢাকা মেডিকেল কলেজে ভর্তি হওয়ার পর দেখলেন যে সেখানে বাংলা নাটক নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে। তিনি ছাত্র-ছাত্রীদের নিয়ে আন্দোলনে নামলেন এবং তাদের তীব্র আন্দোলনের ফলে ঢাকা মেডিকেল কলেজে প্রথম বাংলা নাটক মঞ্চস্থ করা শুরু হলো। আর এই আন্দোলনের মাধ্যমেই তিনি বাংলা ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন । আর তখন থেকেই ১৯৫২ সালের ভাষা আন্দোলনের নেতৃত্ব দেন। তিনি ছিলেন ভাষা আন্দোলনের একজন অগ্রসৈনিক । ১৯৫২-৫৩ সালে ঢাকা মেডিকেল কলেজের ছাত্র/ছাত্রী সংসদের সহসভাপতি নির্বাচিত হয়েছিলেন। ১৯৫৮ সালে ঢাকা মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাশ করেন। চিকিৎসা পেশার পাশাপাশি মওলানা ভাসানীর অনুপ্রেরণায় দেশের রাজনীতিতে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করেন।
কর্মজীবন
১৯৫৮ সালে চুয়াডাঙ্গা মহকুমা মেডিকেল অফিসার পদে সরকারি চাকুরিতে যোগদান করেন। ১৯৬০ সালে সরকারি চাকুরী ইস্তফা দিয়ে নিজ জেলা ফরিদপুরে ফিরে আসেন। ফরিদপুর শহরের চকবাজার স্ট্যান্ডার্ড ফার্মেসীতে, পরে আলীপুর ভাড়া বাসায় অতঃপর হরি গোবিন্দ সাহার টিনের ঘরে এবং সবশেষে আলীপুর বাসায় চেম্বার চেম্বার করে প্রাকটিস করেন। ডাক্তারী পেশার সাথে ব্যক্তিগত পর্যায়ে গরীব রোগীদের বিনামূল্যে ফ্রি স্যাম্পল প্রদানের কাজ চালিয়ে যান।
১৯৮০ সালে হাসান নামের এক চার বছরের শিশু কৃমির ঔষুধের অভাবে অন্ধ হয়ে যায়। বিষয়টি তাকে ভীষন বেদনা দেয়। এরপর তিনি ডাঃ ননী গোপাল সাহা, ডাঃ আব্দুর রাজ্জাক, ডাঃ আবদুস সালাম চৌধুরী, রকিব উদ্দীন আহমেদ, অধ্যাপক এম এ সামাদ, অধ্যাপক রবীন্দ্রনাথ সাহা, কামরুজ্জামান খান জাসু প্রমূখ ব্যক্তিদের সাথে নিয়ে এই বছরের ২রা মার্চ সানডে ফ্রি ক্লিনিক নামে একটি দাতব্য প্রতিষ্ঠান গড়ে তোলেন যা বর্তমানে একটি পূর্নাঙ্গ ডাঃ জাহেদ মেমোরিয়াল শিশু হাসপাতাল হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে । ১৯৮০ সালের ২১ অক্টোবর বাংলাদেশ জাতীয় অন্ধকল্যাণ সমিতি ফরিদপুর জেলা শাখা প্রতিষ্ঠা করেন।
রেডক্রস সানডে ক্লিনিক প্রতিষ্ঠা করার পর ১৯৮১ সালের ৮ সেপ্টেম্বর শিশু চিকিৎসা কেন্দ্রের নিজস্ব ভবন শিশু ভবন এর ভিত্তি স্থাপন করেন। এরপর ১৯৮২ সালের ১৬ সেপ্টেম্বর এই শিশু ভবনটি উদ্বোধন করে তৎকালীন সামরিক শাসক লেফটেন্যান্ট জেনারেল এইচ এম এরশাদ।
এরপর তিনি ১৯৮৩ সালের ২৫ নভেম্বর বাংলাদেশ ডায়বেটিক সমিতি এর ফরিদপুর জেলা শাখা প্রতিষ্ঠা করেন।
১৯৮৮ সালে বাংলাদেশ সরকার তার সমাজ কর্মের স্বীকৃতি স্বরুপ তাঁকে **বাংলাদেশ জাতীয় সমাজ কল্যাণ পরিষদ পুরস্কার-১৯৮৮** প্রদান করে। এরপর ১৯৯৬ সালে জসীম ফাউন্ডেশন স্বর্ণপদক(মরণোত্তর) লাভ করেন। ১৯৯৯ সালে বিএমএ ফরিদপুর শাখা তাঁকে মরণোত্তর সম্মাননা প্রদান করে।
ফরিদপুরে সমাজসেবায় তাঁর রয়েছে বিশাল অবদান। তিনি মৃত্যুর আগ পর্যন্ত চিকিৎসা পেশায় ও সমাজসেবায় নিবেদিত প্রাণ ছিলেন। ফরিদপুরে স্বাস্থ্য ও সমাজ সেবায় বিশেষ ভূমিকা পালন করায় ফরিদপুর বাসী তাকে শ্রদ্ধাভরে স্মরণ করবে। ১৯৯২ সালের ২ রা সেপ্টেম্বর তিনি মৃত্যু বরণ করেন।

কবি হুমায়ুন কবির
কবি হুমায়ুন কবির ১৯০৬ সালে ফরিদপুর সদর উপজেলার কোমরপুর গ্রাম জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে কবি, লেখক ও রাজনীতিবিদ। পিতা ছিলেন তৎকালীন জেলা ম্যাজিস্ট্রেট খান বাহাদুর কবির উদ্দিন আহম্মেদ। ১৯২২ সালে নওগাঁ কেবি স্কুল থেকে ইংরেজীতে লেটারসহ প্রথম বিভাগে ম্যাট্রিক পাশ করেন। এরপর তিনি কলকাতা প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন এবং সেখান থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় ইংরেজিতে লেটারসহ তৃতীয় স্থান অধিকার করেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে ফার্স্ট ক্লাস ফার্স্ট হন এবং মাস্টার্স পরীক্ষায় তিনি ফার্স্ট ক্লাস ফার্স্ট হন। এরপর তিনি বৃত্তি নিয়ে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একসেটর কলেজে ভর্তি হন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে তিনি দর্শন, ইতিহাস ও অর্থনীতিতে প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার করেন। ভারত ফিরে এসে তিনি অন্ধ্র বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার কাজে যোগদান করেন। পরবর্তীতে তিনি অধ্যাপকের দায়িত্ব পালন করেন। এরপর তিনি বিভিন্ন সরকারি উচ্চ পদস্থ চাকুরীতে নিয়োজিত ছিলেন। তিনি বঙ্গীয় সরকারের প্রধানমন্ত্রী শেরে বাংলা এ কে ফজলুল হকের রাজনৈতিক সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৩৭ সালে কৃষক প্রজা পার্টির টিকিট নিয়ে মুসলিম লীগের তমিজ উদ্দিন খানের সাথে ফরিদপুর আসন থেকে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনে হুমায়ূন কবির পরাজিত হন। ১৯৪৪-৪৬ সাল পর্যন্ত সেক্রেটারী হিসাবে বৃটিশ ক্যাবিনেটে আলোচনায় অংশ গ্রহণ করেন। তিনি একসময় নিখিল ভারত সরকারের শিক্ষামন্ত্রী নিযুক্ত হয়েছিলেন। আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সু-সাহিত্যিক ও বুদ্ধিজীবী হিসাবে তার যথেষ্ট অবদান রয়েছে। দর্শন সাহিত্য ও সমাজ তত্তের উপর বাংলা ও ইংরেজী ভাষায় বহুমূল্যাবান গ্রন্থ রচনা করে খ্যাতি অর্জন করেন। কলকাতা থেকে ‘চতুরঙ্গা’ নামক একটি উচ্চাঙ্গের সাহিত্য তাঁর সম্পাদনায় প্রকাশিত হত। তাঁর রচিত ‘বাঙলার কাব্য’ ঐতিহাসিক ও সামাজিক পরিপ্রেক্ষিতে বাংলা সাহিত্যের বিকাশ সংক্রান্ত একটি মূল্যবান আলোচনা গ্রন্থ। হুমায়ুন কবিরের প্রকাশিত গ্রন্থাবলীঃ- পদ্মা, মুসাদ্দাসই হালী, বাংলার কাব্য, মার্কসবাদ, নদী ও নারী ইত্যাদি। ১৯৬৯ সালে ফরিদপুর পৌরসভার ১০০ শত বছর পূর্তিতে তিনি এবং তাঁর পরিবার মিলে তাদের পৈত্রিক বাড়ী ঐতিহাসিক কবির বাগ যেটি বর্তমানের সাজেদা কবির উদ্দিন পৌর বালিকা বিদ্যালয় নামে পরিচিত সেটি নারী শিক্ষা সম্প্রসারনে ফরিদপুর পৌরসভার কাছে হস্তান্তর করেন। তিনি ১৯৬৯ সালে মৃত্যুবরণ করেন।

প্রখ্যাত বাউল শিল্পী হাজেরা বিবি
১৯৪৫ সালে জন্মগ্রহণকারী হাজেরা বিবি বিবাহ সূত্রে ফরিদপুরের অম্বিকাপুরে স্থায়ীভাবে বসবাস করেন। বিয়ের ৩ মাস পরেই বিধবা হন। সততা, উদারতা ও নিষ্ঠার প্রবল আত্মবিশ্বাস দিয়ে হাজেরা বিবি পরাভূত করেন সকল বৈরিতা ও প্রতিবন্ধকতা। অর্জন করেন আত্মার প্রশান্তি ও চিত্তের আরাম। তাঁর ক্রমাগত সংগ্রামের রোজনামচা তুলে আনা বড় দূরহ। মানুষ হিসেবে হাজেরা বিবি ছিলেন অতিসজ্জন,পরোপকারী ও উদার। তাঁর সান্নিধ্যে গেলে টের পাওয়া যেত তিনি তাঁর গানের মতোই সুন্দর সরল ও গভীর ছিলেন। হাজেরা বিবির সংসার জীবন, গায়কী সফলতা, ধর্মান্তরিত হওয়াসহ সবকিছুতেই ছিল কবি জসীমউদ্ দীনের উৎসাহ সহযোগিতা ও প্রেরণা । পল্লীকবি জসীম উদদীনের মাধ্যমেই সংগীত জগতে তিনি স্থায়ী আসন করে নেন । জসীম উদদীন রচিত পল্লীগীতি, মারফতি, মুর্শিদী, বিচার

ও জারী গান গেয়ে বিপুল জনপ্রিয়তা লাভ করেন। ১৯৪৬ সাল থেকে ১৯৬৮ সাল পর্যন্ত দীর্ঘ ২২ বছর পাকিস্থান রেডিওতে শিল্পী হিসাবে গান করেছেন। তার নিচের রচিত গান গ্রাম বাংলায় খুবই জনপ্রিয় ছিল। অল্প বয়সেই তিনি সংগীত জগতে ধূমকেতুর মত আর্বিভূত হয়েছেন। তার গানের স্বীকৃতি স্বরুপ একুশে পদক লাভ করেন। তিনি ফরিদপুর লালন পরিষদ ও সংগীত শিল্পী কল্যাণ সমিতির সদস্য ছিলেন। ২০০৬ সালের ১৮ ডিসেম্বর তিনি মৃত্যুবরণ করেন।

দর্শনীয় স্থান

ক্রমিক	নাম	কিভাবে যাওয়া যায়
১	বিসমিল্লাহ শাহ মাজার	ফরিদপুর সদর উপজেলা হতে অটোরিক্সশা যোগে পুরাতন বাসস্টান হয়ে বিসমিল্লাহ শাহ মাজার যাওয়া যায় ।
২	পল্লী কবি জসীম উদ্দীনের বাড়ী এবং কবরস্থান ।	ফরিদপুর বাসষ্ট্যান্ড হতে ২ কিঃ মিঃ দূরে। রিক্সা/অটোরিক্সা/মাইক্রোবাস যোগে যাওয়া যায়।
৩	নদী গবেষনা ইনষ্টিটিউট	দর্শনীয় স্থানের যাবার উপায়ঃ ফরিদপুর নতুন বাসষ্ট্যান্ড হতে ১ কিঃ মিঃ দূরে। রিক্সা/অটোরিক্সা/মাইক্রোবাস যোগে যাওয়া যায়। বরিশাল-ঢাকা মহাসড়কের পাশে।
৪	আফসানা মঞ্জিল	বাংলাদেশের যেকোনো প্রান্ত থেকে রেল, বাস যোগে ফরিদপুর শহরের প্রাণকেন্দ্র পুরাতন বাসস্ট্যান্ড (ভা ঙা রাস্তার মোড়) এসে, সেখান থেকে অটো রিকশা যোগে ফরিদপুর সদর উপজেলার নিকটে রাজবাড়ী রাস্তার মোড় নামক স্থানে যেতে হবে। ফরিদপুর সদর উপজেলার নিকটবর্তী রাজবাড়ী রাস্তার মোড় হতে পশ্চিমে ঢাকা খুলনা মহাসড়ক ধরে সামান্য এগিয়ে বদরপুর আফসানা মঞ্জিল অবস্থিত।
৫	ধলার মোর	বাংলাদেশের যেকোনো প্রান্ত থেকে রেল, বাস অথবা নৌপথে ফরিদপুর শহরের প্রাণকেন্দ্র পুরাতন বাসস্ট্যান্ড (ভাঙা রাস্তার মোড়) এসে, সেখান থেকে অটো রিকশা যোগে ফরিদপুর জেলা প্রশাসকের কার্যালয় হয়ে টেপাখোলা বেড়িবাধ যেতে হবে। টেপাখোলা বেড়ীবাঁধের পূর্ব দিকে ধলার মোর অবস্থিত।
৬	ফরিদপুর পৌর শেখ রাসেল শিশুপার্ক	রাজধানী ঢাকা থেকে ফরিদপুর জেলায় যাওয়ার জন্য সড়ক পথই সবচেয়েসুবিধাজনক। ঢাকা হতে সরাসরি ফরিদপুরগামী বাস সার্ভিস চালু আছে।গাবতলী বাস স্ট্যান্ড হতে গোল্ডেন লাইন ও সাউথ লাইনের বাস ফরিদপুরেরউদ্দেশ্যে ছেড়ে যায়।
৭	গেরদা ফলক	ফরিদপুর সদর উপজেলা প্রায় ৭কিঃমিঃ দক্ষিণ- পূর্ব দিকে অবস্থিত। ফরিদপুর সদর উপজেলা হতে সকল ধরনের যানবাহনে উক্ত স্থানে যাওয়া যায়।
৮	কানাইপুর জমিদার বাড়ি	ফরিদপুর সদর উপজেলা হতে উক্ত স্থানটি ৮ কিঃমিঃ। ফরিদপুর-যশোর হাইওয়ে রোডের কানাইপুর পল্লী বিদ্যুৎ অফিস পাড় হয়ে হাতের ডান দিকে দিয়ে যেতে হয়।
৯	ফান প্যারাডাইস পার্ক এ্যান্ড রিসোর্ট।	
		শতবর্ষী হিজল গাছ

ক্রমিক নাম কিভাবে যাওয়া যায়

খেলাধুলা ও বিনোদন

প্রাচীনকাল থেকেই ফরিদপুর সদর উপজেলার জনেগাষ্ঠী ক্রীড়ামোদী। এখানে প্রতিবছরই বিভিন্ন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। এখানকার জনপ্রিয় খেলার মধ্যে বর্তমানে ক্রিকেট ও ফুটবলের আধিপত্য দেখা গেলেও অন্যান্য খেলাও পিছিয়ে নেই। সদর উপজেলায় বেশ কয়েকটি খেলার মাঠ রয়েছে। এর মধ্যে সরকারী রাজেন্দ্র কলেজ খেলার মাঠ এবং ফরিদপুর স্টেডিয়াম-শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত। প্রতি বছর এ স্টেডিয়ামে নিম্নলিখিত ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়ঃ

(ক) খন্দকার নুরু মিয়া গোল্ডকাপ ফুটবল
(খ) ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন গোল্ডকাপ ফুটবল
(গ) প্রিমিয়ার ফুটবল লীগ
(ঘ) ১ম বিভাগ ফুটবল লীগ
(ঙ) ১ম ও ২য় শ্রেণীর ক্রিকেট লীগ

এছাড়া ফরিদপর সরদ উপজেলায় বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠান যেমন পল্লী কবি জসীম মেলা, স্বাধীনতা চত্বরে বৈশাখী মেলা, কানাইপুর লালন উৎসব ইত্যাদি অনুষ্ঠিত হয়ে থাকে।

২ পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্য ঃ

তথ্য প্রযুক্তির যুগে যার কাছে যত তথ্য আছে সে, তত সমৃদ্ধশালী। সেই সূত্র ধরেই মধুখালী উপজেলা পরিষদের পরিকল্পনা বই প্রণয়ন করা হয়েছে। যেহেতু পরিকল্পনা বইটি অত্র উপজেলার একটি তথ্য ভান্ডার সেহেতু এই বই উপজেলার সকল দপ্তরের, ইউনিয়ন

পরিষদের, উপজেলা পরিষদ ও জেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট সকল দপ্তরের কাজ কর্মে সহায়তা করবে। এছাড়া অন্যান্য জেলা ও উপজেলা ফরিদপুর সদর উপজেলা সম্পর্কে একটি সুষ্ঠ ধারনা পাবে। উপরোক্ত কারণে এই পরিকল্পনা বই প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়াও অত্র পরিকল্পনা বইটি প্রণয়ণে কিছু সুনির্দিষ্ট উদ্দেশ্য রয়েছে যা নিম্নরূপ ঃ

ক) ফরিদপুর সদর উপজেলার জনগণের প্রকৃত সমস্যা চিহ্নিত করে পরিকল্পনা করা এবং স্থানীয় সম্পদ অর্জনের মাধ্যেমে পরিকল্পনার আলোকে বাস্তবায়ন করা

খ) ফরিদপুর সদর উপজেলার সবার (স্টেক হোল্ডার) অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে মধুখালী উপজেলা পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি সাধন;

গ) জনগণের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে জাতি গঠণমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে উপজেলা পরিষদের অংশীদারিত্ব সৃষ্টি করে;

ঘ) পরিকল্পিত সেবা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, নিষ্কাশন, শস্য, প্রাণি সম্পদ, মৎস্য ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা;

ঙ) অত্র উপজেলার পশ্চাদপদ জনগোষ্টিকে অগ্রসরমান করার লক্ষ্যে পরিকল্পনা মোতাবেক কাজ করা;

চ) অত্র তথ্য, পরিকল্পনা ও বাজেট বই তেরীর মধ্যে দিয়ে এলাকার জনগণের নিকট উপজেলা পরিষদের কার্যক্রমকে আরও স্বচ্ছ ও জবাবদিহিমূলক করা।

১.৩ উপজেলা এসডিজি বান্ধব পরিকল্পনা বই প্রণয়নের ধাপসমূহ ঃ

